নির্ধারিত আবেদন ফরম অনলাইনে https://rdarajshahi.teletalk.com.bd ওয়েবসাইটে পাওয়া যাবে। আবেদন ফরমে নির্দেশনা অনুযায়ী তথ্য প্রদান করতে হবে। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে। আগ্রহী প্রার্থীদের বয়স ২৬/১২/২০২৪ খ্রিঃ তারিখে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে আবেদনের শেষ তারিখ পর্যন্ত সরকারি চাকরিতে প্রবেশের ক্ষেত্রে বয়সসীমা সরকার কর্তৃক পরিবর্তিত হলে তা প্রযোজ্য হবে। সরকারি বিধি মোতাবেক প্রযোজ্য ক্ষেত্রে প্রার্থীদের বয়সসীমা শিথিলযোগ্য। বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে। বিভাগীয়/চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের প্রার্থীগণ রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের নিয়োগ কমিটি কর্তৃক গৃহীত লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ না হলে নিয়োগের জন্য বিবেচিত হবেন না। শহীদ মুক্তিযোদ্ধার সন্তান ও বীরাঙ্গনার সন্তানদের জন্য প্রযোজ্য কোটায় নিয়োগ প্রাপ্তির ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ১৮/১০/২০২০ খ্রিঃ তারিখের ৪৮.০০.০০০০.০০৩.২৫.০১৯.২০.৮৭৫ নং পরিপত্রের নির্দেশনা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.molwa.gov.bd) সংরক্ষিত/ প্রকাশিত নিম্নবর্ণিত যে কোন একটি প্রমাণক দাখিল করতে হবে। উক্ত প্রমাণকে সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার নাম থাকতে হবে। মুক্তিযোদ্ধা কোটায় চূড়ান্ত নির্বাচিত প্রার্থীকে দেশের প্রচলিত আইন অনুসারে ওয়ারিশপত্র দাখিল করতে হবে। মুক্তিযোদ্ধা জীবিত থাকলে ওয়ারিশপত্রে তার প্রতিস্বাক্ষর থাকবে এবং মুক্তিযোদ্ধা জীবিত না থাকলে ওয়ারিশপত্রে কমপক্ষে ০১ জন ওয়ারিশের প্রতিস্বাক্ষর থাকতে হবে। কোন মুক্তিযোদ্ধার ওয়ারিশ অসত্য তথ্য সম্বলিত ওয়ারিশপত্র দাখিল করলে তা বাতিল বলে গণ্য হবে এবং তার বিরুদ্ধে প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা/কার্যক্রম গ্রহণ করা হবে। লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার তারিখ ও সময়সূচী রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের ওয়েবসাইটে (https://rdarajshahi.gov.bd) এবং প্রার্থীর ব্যক্তিগত মুঠোফোনে টেলিটক কর্তৃক SMS-এর মাধ্যমে জানানো হবে। অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক ও গাড়ী চালক পদে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ব্যবহারিক পরীক্ষা গ্রহণ করা হবে। **মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত (ক্রমিক নং-ক থেকে ঝ পর্যন্ত) কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা (নাম ও পদবী উল্লেখসহ) কর্তৃক সত্যায়িত প্রতিটির ০১টি করে ফটোকপি ও সদ্য তোলা ২ কপি রঙিন ছবি দাখিল করতে হবে:** (ক) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতার সনদ)। (খ) সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/ইউপি চেয়ারম্যান অথবা প্রযোজ্য ক্ষেত্রে প্রশাসক কর্তৃক প্রদত্ত ০১ কপি নাগরিকত্ব সনদপত্র দাখিল করতে হবে। (গ) সরকারী, আধা-সরকারী ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে নিয়োজিত প্রার্থীগণ যথাযথ কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে আবেদন করবেন এবং মৌখিক পরীক্ষার সময় অনাপত্তিপত্র দাখিল করবেন। (ঘ) যে কোনো কোটা দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত সনদ/প্রমাণক। (ঙ) জাতীয় পরিচয়পত্রের মূল কপি অবশ্যই মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে। তবে যাদের জাতীয় পরিচয়পত্র এখনও হয়নি তাদেরকে সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান অথবা প্রযোজ্য ক্ষেত্রে প্রশাসক কর্তৃক প্রদত্ত অনলাইন (ইউজিএস সফটওয়্যার এ নিবন্ধিত) মূল জন্মনিবন্ধন সনদ মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে। (চ) অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's Copy) ও এডমিট কার্ড (Admit Card)। (ছ) আবেদনকারী শহীদ মুক্তিযোদ্ধা/বীরাঙ্গনার সন্তান হলে মুক্তিযোদ্ধার সনদপত্র এবং আবেদনকারীর সাথে ধারাবাহিকতার সম্পর্ক উল্লেখপূর্বক সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর অথবা প্রযোজ্য ক্ষেত্রে প্রশাসক কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র। (জ) মূল ড্রাইভিং লাইসেন্স (প্রযোজ্য ক্ষেত্রে): অভিজ্ঞতার সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) ও অন্যান্য প্রয়োজনীয় মূল সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে)। (ঝ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ। নিয়োগের ক্ষেত্রে সরকারি সকল বিধি-বিধান এবং কোটা সম্পর্কিত প্রচলিত নীতিমালা অনুসরণ করা হবে। নির্দিষ্ট কোটায় নিয়োগের জন্য প্রার্থী তার দাবির স্বপক্ষে সরকার নির্ধারিত সনদপত্র প্রমাণক আবেদনপত্রের সাথে দাখিল করতে না পারলে এবং মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে না পারলে তার দাবি অগ্রাহ্য বলে গণ্য হবে এবং তাকে সাধারণ প্রার্থী হিসেবে বিবেচনা করা হবে। কোটায় নিয়োগের জন্য প্রার্থীদের সনদ/প্রমাণক গ্রহণের ক্ষেত্রে সাক্ষাৎকার বোর্ড/নিয়োগ কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ নিয়োগ কার্যক্রম সমাপ্ত হওয়ার পূর্বে সরকার কর্তৃক নিয়োগ/কোটা সংক্রান্ত বিধিবিধানের কোন পরিবর্তন করা হলে এ ক্ষেত্রে পরিবর্তিত সর্বশেষ বিধিবিধান প্রযোজ্য হবে। **অনলাইনে আবেদনের নিয়মাবলী :** পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীকে https://rdarajshahi.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে হবে। **আবেদনের সময়সীমা নিম্নরূপ :** Online আবেদনপত্র জমাদান শুরুর তারিখ ও সময় : ২০/১১/২০২৪ খ্রিষ্টাব্দ, সকাল ১০.০০টা। Online আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় : ২৬/১২/২০২৪ খ্রিষ্টাব্দ, বিকাল ৫.০০টা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ ঘন্টার মধ্যে SMS এ পরীক্ষার ফি জমা দিবেন। Online আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি ও স্বাক্ষর স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষরের সাইজ ৬০ KB এর মধ্যে হতে হবে। **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:** Applicant's Copy তে একটি User ID দেয়া থাকবে এবং User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-Paid Mobile নম্বরের মাধ্যমে ০২টি SMS করে ১নং থেকে ৭নং ক্রমিকের জন্য আবেদন ফি বাবদ সার্ভিস চার্জসহ মোট ২২৩/- টাকা এবং ৮নং থেকে ১২নং ক্রমিকের জন্য আবেদন ফি বাবদ সার্ভিস চার্জসহ মোট ১১২/- টাকা Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন। প্রথম SMS: RDARAJSHAHI <Space>User ID লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে। দ্বিতীয় SMS: RDARAJSHAHI <Space>Yes<Space>PIN লিখে send করতে হবে ১৬২২২ নম্বরে। প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি https://rdarajshahi.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক প্রিন্ট করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন। স্বাক্ষরিত/- (আবু হায়াত মোঃ রহমতুল্লাহ, বিপিএএ), চেয়ারম্যান (ভাঃ), রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ, আরডিএ ভবন, বনলতা বা/এ, রাজশাহী-৬২০৩। www.rdarajshahi.gov.bd; ফোন নং : ০২৫৮৮-৮৭৯২৩৬ ই-মেইল: rdarajshahi@gmail.com

সূত্র : যুগান্তর ১০/১১/২০২৪ইং পৃষ্ঠা-১৩

সেনাসদর ই ইন সি'র শাখা

প্রথম পৃষ্ঠার পর

পরীক্ষার ফি জমা দিবেন। Online আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি ও স্বাক্ষর স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষরের সাইজ ৬০ KB এর মধ্যে হতে হবে। **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:** Applicant's Copy তে একটি User ID দেয়া থাকবে এবং User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-Paid Mobile নম্বরের মাধ্যমে ০২টি SMS করে সকল পদের জন্য (পরীক্ষার ফি ৫০০/- +কমিশন ১০% হিসেবে ৫০/- + ভ্যাট ১৫% হিসেবে ৮/-)= ৫৫৮/- টাকা Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন। প্রথম SMS: MES<Space>User ID লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে। দ্বিতীয় SMS: MES<Space>Yes<Space>PIN লিখে send করতে হবে ১৬২২২ নম্বরে। প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://mes.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক প্রিন্ট করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন। **মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্রের মূল কপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে:** (১) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদপত্রসহ)। (২) জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত চারিত্রিক ও নাগরিকত্বের সনদপত্র। (৩) মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধা/বীরাঙ্গনার সন্তান হিসেবে আবেদন করলে প্রমাণস্বরূপ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সনদপত্র/সাময়িক সনদপত্রের সত্যায়িত অনুলিপি। (৪) আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধা/বীরাঙ্গনার সন্তান হলে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক সনদের সত্যায়িত অনুলিপি। (৫) শারীরিক প্রতিবন্ধী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, তৃতীয় লিঙ্গের প্রার্থীর ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত অনুলিপি। (৬) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি। (৭) Online-এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's copy)। (৮) মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধা/বীরাঙ্গনার সন্তান কোটায় আবেদন করলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইট www.molwa.gov.bd এ প্রকাশিত প্রমাণকসমূহের সত্যায়িত অনুলিপি (স্মারক নম্বর-৪৮,০০,০০০০,০০২,১০, ২৪২৬,২০১৭/৭৯৩ তারিখ ২১ জুন ২০১৭) এবং প্রমাণকের আলোকে সকল তথ্য ও প্রার্থীর স্বাক্ষর সংবলিত ছক। পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য www.mod.gov.bd এবং www.mes.portal.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। সেনাসদর, ই ইন সি'র শাখা পূর্ত পরিদপ্তর, ঢাকা সেনানিবাস ঢাকা-১২০৬।

সূত্র : যুগান্তর ০৮/১১/২০২৪ইং পৃষ্ঠা-০৬

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় ঢাকা

প্রথম পৃষ্ঠার পর

লাইব্রেরিয়ান পদের নির্ধারিত যোগ্যতা : সকল পর্যায়ে ২য় শ্রেণী/বিভাগসহ লাইব্রেরি ও তথ্যবিজ্ঞানে মাস্টার্স ডিগ্রীধারী এবং লাইব্রেরি বা অনুরূপ কাজে ১৫ বছরের অভিজ্ঞতা তন্মধ্যে লাইব্রেরির ডেপুটি লাইব্রেরিয়ান বা সমমানের পদে অবশ্যই ০৫ বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। লাইব্রেরি ম্যানেজমেন্ট, সফটওয়্যার, ডাটাবেস, রিপোজিটরী এবং ওয়েবসাইট ব্যবস্থাপনাতে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। লাইব্রেরি ও তথ্যবিজ্ঞানে Ph.D ডিগ্রীধারী প্রার্থীর বেলায় উপরোক্ত অভিজ্ঞতা ১০ বছর হবে। **সহকারী লাইব্রেরিয়ান পদের নির্ধারিত যোগ্যতা :** সকল পর্যায়ে ২য় শ্রেণী/বিভাগসহ লাইব্রেরি ও তথ্য বিজ্ঞানে মাস্টার্স ডিগ্রীধারী বা বি.এসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রীধারী এবং ১ম শ্রেণীর পদে লাইব্রেরি বা অনুরূপ কাজে ৫ বছরের অভিজ্ঞতা। কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং এবং ডাটাবেস-এর কাজে অভিজ্ঞ ও সক্ষম। **জুনিয়র সহকারী লাইব্রেরিয়ান পদের নির্ধারিত যোগ্যতা :** সকল পর্যায়ে ২য় শ্রেণি/বিভাগসহ লাইব্রেরি ও তথ্য বিজ্ঞানে স্নাতক সম্মানসহ স্নাতকোত্তর ডিগ্রিধারী। লাইব্রেরি সহকারী পদে ৫ বছর কাজের অভিজ্ঞতা থাকতে হবে। কম্পিউটারে MS Word, Excel এবং Power Point-এ দক্ষতা সম্পন্ন এবং লাইব্রেরি ব্যবস্থাপনা সফটওয়্যার এবং KOHA বা সমমানের ব্যবহারে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। **EMIS Specialist পদের নির্ধারিত যোগ্যতা :** The Candidate must possess a First Class B.Sc. Engineering degree in Civil/ Environmental / Computer Science Enginering or an equivalent degree in relevant discipline obtained from a recognized University/ Institution plus 06 years of professional experience of which at least 4 years in active teaching and/or research. **ডেপুটি রেজিস্ট্রার পদের নির্ধারিত যোগ্যতা :** সকল পর্যায়ে ২য় শ্রেণী/ বিভাগসহ মাস্টার্স ডিগ্রীধারী বা বি.এসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রীধারী এবং ১ম শ্রেণীর পদে অফিসার হিসেবে প্রশাসনিক কাজে ১০ বছরের অভিজ্ঞতা, তন্মধ্যে সহকারী রেজিস্ট্রার/সহকারী পরিচালক/সহকারী লাইব্রেরীয়ান বা সমমানের পদে অবশ্যই ৫ বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। কম্পিউটার ডাটাবেস-এর কাজে অভিজ্ঞ ও সক্ষম। **প্রশাসনিক কর্মকর্তা পদের নির্ধারিত যোগ্যতা :** সকল পর্যায়ে ২য় শ্রেণি/বিভাগসহ স্নাতকোত্তর ডিগ্রি এবং প্রশাসনিক কাজে অফিসার পদে ১ বৎসরের অভিজ্ঞতা/ প্রধান সহকারী পদে ৪ বৎসরের অভিজ্ঞতা/উচ্চমান সহকারী বা সমমান বা তদূর্ধ পর্যায়ের পদে ৭ বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। **সহকারী প্রোগ্রামার পদের নির্ধারিত যোগ্যতা :** বি.এসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রীধারী অথবা পদার্থবিদ্যা /ফলিত পদার্থবিদ্যা / গণিত/ পরিসংখ্যান/ বাণিজ্য/ অর্থনীতি/ সমাজবিজ্ঞান/ ব্যবসায় প্রশাসনে মাস্টার্স ডিগ্রীধারী হতে হবে। প্রার্থীকে সংশ্লিষ্ট প্রফেশনাল সোসাইটির সহযোগী সদস্য হতে হবে। **পুরকৌশল বিভাগের সহকারী ইন্সট্রুমেন্ট ইঞ্জিনিয়ার পদের নির্ধারিত যোগ্যতা :** B.Sc. in Civil Engineering from a recognized University with 1st division/class of CGPA minimum 3.00 in the scale of 4. Preference will be given to experience candidate in Geotechnical with higher degree. **প্রোগ্রাম অফিসার পদের নির্ধারিত যোগ্যতা :** সকল পর্যায়ে ২য় শ্রেণী/বিভাগসহ ৪ বছর মেয়াদী স্নাতক (অনার্স) সহ স্নাতকোত্তর ডিগ্রী। **ইমাম পদের নির্ধারিত যোগ্যতা:** কামিল বা দাওরায়ে হাদিস/তাকমিল বা ফাজিল সহ এই সম্পর্কযুক্ত বিষয়ে মাস্টার্স ডিগ্রি। সকল পরীক্ষায় দ্বিতীয় বিভাগ বা শ্রেণি থাকতে হবে। কামিল/তাকমিল/মাস্টার্স ডিগ্রি পরীক্ষায় ১ম শ্রেণি থাকতে হবে। হাফেজ ও কারী প্রার্থী অগ্রাধিকার যোগ্য। ইমাম হিসেবে ২ বছরের অভিজ্ঞতাসহ আলিয়া বা কওমী মাদ্রাসায় ৫ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা। **সহকারী মহিলা ওয়ার্ডেন পদের নির্ধারিত যোগ্যতা :** দ্বিতীয় শ্রেণিসহ মাস্টার্স ডিগ্রি বা ২য় শ্রেণিসহ স্নাতক ডিগ্রি প্রাপ্ত এবং শিক্ষা প্রতিষ্ঠানের কাজে অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে। **বিশেষ দ্রষ্টব্য:** প্রার্থীর বয়স ৩৫ বছর হতে হবে এবং MS Word-এ বাংলা ও ইংরেজি টাইপ এবং MS Excel-এর কাজে অভিজ্ঞ ও সক্ষম হতে হবে। **পূজারী পদের নির্ধারিত যোগ্যতা :** কাব্যতীর্থ এবং স্মৃতিতীর্থ পাশ। যে কোন বিশিষ্ট মন্দিরে ০৫ বৎসরের পুরোহিত্য করার অভিজ্ঞতা থাকতে হবে। **রিসার্চ অফিসার পদের নির্ধারিত যোগ্যতা :** At least 2nd class Master's degree / B.Sc. Engg. Degree Candidates having experience in the line will be preferred. **প্রকিউরমেন্ট অফিসার পদের নির্ধারিত যোগ্যতা :** সকল পর্যায়ে ২য় শ্রেণী/বিভাগসহ স্নাতকোত্তর ডিগ্রী + প্রকিউরমেন্ট/ প্রশাসনিক কাজে অফিসার পদে ১ বৎসরের অভিজ্ঞতা/ প্রধান সহকারী পদে ৪ বৎসরের অভিজ্ঞতা/ উচ্চমান সহকারী বা সমমান বা তদূর্ধ পর্যায়ের পদে ৭ বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। **নৌযান ও নৌযন্ত্র কৌশল বিভাগের সহকারী ইন্সট্রুমেন্ট ইঞ্জিনিয়ার পদের নির্ধারিত যোগ্যতা :** Must have B.Sc. Engg. degree in Naval Architecture and Marine Engineering/Mechanical Engineering. Specialized Training will be considered as added qualification. **একাউন্টস অফিসার পদের নির্ধারিত যোগ্যতা :** সকল পর্যায়ে ২য় শ্রেণি/বিভাগসহ বাণিজ্য/ব্যবসায় প্রশাসন-এ স্নাতকোত্তর ডিগ্রি + হিসাব সংক্রান্ত কাজে অফিসার পদে ১ বৎসরের অভিজ্ঞতা/হিসাব রক্ষক বা সমমান পদে ৪ বৎসরের অভিজ্ঞতা/সহকারী হিসাব রক্ষক বা সমমান বা তদূর্ধ পর্যায়ের পদে ৭ বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। **তড়িৎ ও ইলেক্ট্রনিক কৌশল বিভাগের সহকারী টেকনিক্যাল অফিসার পদের নির্ধারিত যোগ্যতা :** Diploma in Electrical/Electronics/ Telecommunication/Computer Technology তে কমপক্ষে ২য় শ্রেণিতে (CGPA=2.25) পাশসহ Electronics যন্ত্রপাতি স্থাপন, পরিচালন ও রক্ষণাবেক্ষণ কাজে অন্তত ০৬ মাসের অভিজ্ঞতা সম্পন্ন। **কেমিকৌশল বিভাগের সহকারী টেকনিক্যাল অফিসার পদের নির্ধারিত যোগ্যতা :** ইলেক্ট্রনিক্স এ ডিপ্লোমা প্রাপ্ত এবং ইলেক্ট্রনিক্স যন্ত্রপাতি মেরামত এবং রক্ষণাবেক্ষণ কাজে অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে। প্রার্থীকে অবশ্যই আধুনিক ইলেক্ট্রনিক্স যন্ত্রপাতি স্থাপনে পারদর্শী, তার দোষ ত্রুটি নিরূপণ এবং নিজ হাতে তা মেরামতের যোগ্যতাসম্পন্ন হতে হবে। অনলাইনে https://recruitment.buet.ac.bd সাইটের মাধ্যমে প্রতিটি পদের জন্য আলাদা আলাদা আবেদন করতে হবে। আবেদনের সম্পূর্ণ প্রক্রিয়া ও আবেদনের ফি অনলাইনের মাধ্যমে পরিশোধের প্রক্রিয়া সাইটের "Application Guideline" মেনুতে বর্ণনা করা হয়েছে। ৯ম গ্রেড বা তদূর্ধ গ্রেড বেতন স্কেলের পদে আবেদনের জন্য ৬০০/- টাকা ও ১০ম গ্রেড পদে আবেদনের জন্য ৫০০/- টাকা অনলাইনের মাধ্যমে পরিশোধ করতে হবে। অনলাইনে আবেদনের সময় সকল তথ্য সঠিকভাবে পূরণসহ সকল সার্টিফিকেট, টেস্টিমোনিয়েল, ট্রান্সক্রিপ্ট/মার্কশীট, NID এবং অভিজ্ঞতার সনদের কপি আপলোড করতে হবে। প্রার্থীর শিক্ষা জীবনের কোন পরীক্ষায় তৃতীয় শ্রেণি/বিভাগ গ্রহণযোগ্য নয়। আবেদনে উল্লিখিত তথ্যে/আপলোডকৃত সার্টিফিকেটে অসম্পূর্ণতা পাওয়া গেলে অথবা আবেদনের সাথে আপলোডকৃত সার্টিফিকেট/মার্কশীটের কপিসমূহে মূলকপি যাচাইকালে কোন অসঙ্গতি/অসত্য/ভুল তথ্য পাওয়া গেলে কিংবা আবেদনকারীর যোগ্যতা উল্লিখিত যোগ্যতার কম হলে যে কোন পর্যায়ে আবেদনকারীর প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে। নিয়োগ প্রক্রিয়ায় কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। নির্বাচিত প্রার্থীদের পরীক্ষার স্থান, তারিখ ও সময় ই-মেইল ও এসএমএস-এর মাধ্যমে জানানো হবে। আবেদনকারী তার Admit Card সাইট থেকে ডাউনলোড করতে পারবে। বিদেশী ডিগ্রিধারী প্রার্থীগণের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগ/অফিস কর্তৃক যথানিয়মে ইকুয়িভ্যালেন্স সম্পাদন সাপেক্ষে আবেদনপত্র প্রসেস করা হবে। নিয়োগ পরীক্ষায়/সাক্ষাৎকারে উপস্থিত হওয়ার জন্য কোন প্রকার যাতায়াত বা দৈনিক ভাতা দেয়া হবে না। চাকরিরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতি cl/NOC অনলাইনে আবেদনের সময় "Additional Documents" এ আপলোড করতে হবে। আবেদন সংশ্লিষ্ট কোন তথ্যের প্রয়োজন হলে recruitment@regtr.buet.ac.bd এ ই-মেইল করা যাবে। নিয়োগ বিজ্ঞপ্তি বুয়েটের ওয়েবসাইট (WWW.buet.ac.bd/regoffice)-এ প্রকাশ করা হবে। **অনলাইনে আবেদনপত্র ও ফি জমাদানের শেষ তারিখ : ২৬/১১/২০২৪ইং।** স্বাক্ষরিত/- (অধ্যাপক ড. মোঃ ফোরকান উদ্দিন) রেজিস্ট্রার (অ. দা.), বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।

সূত্র : ইত্তেফাক ০৬/১১/২০২৪ইং পৃষ্ঠা-০৬

পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

প্রথম পৃষ্ঠার পর

সনদপত্রসহ সকল সনদপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে; হাইকোর্ট বিভাগ ও আপীল বিভাগে আইনজীবী হিসেবে মামলা পরিচালনায় কমপক্ষে ১০ বছরের অভিজ্ঞতা থাকতে হবে, ৬. আবেদনকারী আইনজীবীকে ঢাকায় স্থায়ীভাবে বসবাসরত হতে হবে; আবেদনকারী অন্য কোন সরকারী/বেসরকারী প্রতিষ্ঠানের আইনজীবী হিসেবে নিয়োজিত থাকলে তা উল্লেখ করতে হবে; নিযুক্ত আইনজীবীকে সরকার কর্তৃক নির্ধারিত হারে এবং নির্ধারিত বিধি-বিধান মোতাবেক ফি প্রদান করা হবে; উক্ত নিয়োগের মেয়াদ হবে ২ বছর; **আবেদনপত্র আগামী ৩০ নভেম্বর ২০২৪ তারিখ বিকাল ৫:০০ টার মধ্যে অতিরিক্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (আহ্বায়ক, আইনজীবী নিয়োগ/বাছাই কমিটি) বরাবর পৌঁছাতে হবে;** কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোনো আবেদন অথবা সকল আবেদনপত্র গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন; এবং আইনজীবী নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। স্বাক্ষরিত/- (এ.কে.এম তারিকুল আলম) অতিরিক্ত সচিব ও আহ্বায়ক, আইনজীবী নিয়োগ/বাছাই কমিটি, স্থানীয় সরকার বিভাগ, আইন-১ শাখা। www.lgd.gov.bd ফোন:০২২৩৩৮৮৭২৭ (অফিস)

সূত্র : বাংলাদেশ প্রতিদিন ১১/১১/২০২৪ইং পৃষ্ঠা-০২

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

প্রথম পৃষ্ঠার পর

করতে পারবেন। ০১-১১-২০২৪ তারিখে প্রার্থীর ন্যূনতম ও সর্বোচ্চ বয়স হবে ১৮-৩০ বৎসর। শুধুমাত্র বীর মুক্তিযোদ্ধা/শহিদ বীর মুক্তিযোদ্ধা/বীরাঙ্গনার সন্তানদের এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। আবেদনপত্র গ্রহণের শেষ তারিখ পর্যন্ত চাকুরিতে প্রবেশের বয়স সংক্রান্ত সর্বশেষ জারিকৃত প্রজ্ঞাপন/বিধি কার্যকর হবে। নিয়োগের ক্ষেত্রে সরকারি বিদ্যমান বিধিবিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধিবিধানে কোনো সংশোধন হলে তা অনুসরণ করা হবে। প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে প্রচলিত সরকারি বিধি মোতাবেক সকল ধরনের সর্বশেষ কোটা পদ্ধতি/নীতি অনুসরণ করা হবে। সরকারি, আধা-সরকারি এবং স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের অবশ্যই কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি পত্রের মূল কপি জমা দিতে হবে। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় জাতীয় পরিচয়পত্রের মূলকপিসহ সকল সনদপত্রের মূলকপি (প্রযোজ্য পদের ক্ষেত্রে অভিজ্ঞতার সনদসহ) প্রদর্শন করতে হবে। প্রার্থীদের জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ এবং আবেদনকারী বীর মুক্তিযোদ্ধার সন্তান, শহিদ বীর মুক্তিযোদ্ধার সন্তান ও বীরাঙ্গনার সন্তান হলে তিনি যে বীর মুক্তিযোদ্ধা/শহিদ বীর মুক্তিযোদ্ধা/বীরাঙ্গনার সন্তান এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদের মূলকপি প্রদর্শন করতে হবে। এছাড়া শারীরিক প্রতিবন্ধী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং তৃতীয় লিঙ্গের প্রার্থীদের সর্বশেষ সরকারি প্রজ্ঞাপন/নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত মূল সার্টিফিকেট মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে। মৌখিক পরীক্ষার সময় অনলাইনে পূরণকৃত Application Form সহ জাতীয় পরিচয়পত্র, সকল শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ, বিশেষ কোটার (প্রযোজ্য ক্ষেত্রে) ও অভিজ্ঞতার সনদের সমর্থনে (প্রযোজ্য ক্ষেত্রে) সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্রের ১ সেট সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। এ নিয়োগ বিজ্ঞপ্তি, লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষা এবং পরীক্ষা সংক্রান্ত অন্যান্য তথ্য স্থাপত্য অধিদপ্তরের ওয়েবসাইট (www.architecture.gov.bd) এ পাওয়া যাবে। **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও করণীয় :** পরীক্ষায় অংশগ্রহণে আগ্রহী প্রার্থীগণ http://architecture.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। **আবেদনের সময়সীমা নিম্নরূপ :** Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় : ১৩-১১-২০২৪ খ্রিঃ, সকাল-১০:০০ ঘটিকা হতে; Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় : ০৯-১২-২০২৪ খ্রিঃ, বিকাল ০৫:০০ ঘটিকা পর্যন্ত। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ ঘন্টার মধ্যে SMS এ পরীক্ষার ফি জমা দিবেন। Online আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি ও স্বাক্ষর স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষরের সাইজ ৬০ KB এর মধ্যে হতে হবে। **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:** Applicant's Copy তে একটি User ID দেয়া থাকবে এবং User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-Paid Mobile নম্বরের মাধ্যমে ০২টি SMS করে ১নং ক্রমিকের জন্য আবেদন ফি বাবদ সার্ভিস চার্জসহ মোট ৩৩৫/-, ২নং থেকে ৫নং ক্রমিকের জন্য আবেদন ফি বাবদ সার্ভিস চার্জসহ মোট ২২৩/- টাকা এবং ৬নং থেকে ৭নং ক্রমিকের জন্য আবেদন ফি বাবদ সার্ভিস চার্জসহ মোট ১১২/- টাকা Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন। প্রথম SMS: Mora<Space>User ID লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে। দ্বিতীয় SMS: MORA<Space>Yes<Space>PIN লিখে send করতে হবে ১৬২২২ নম্বরে। প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://architecture.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক প্রিন্ট করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন। স্বাক্ষরিত/- (আব্দুল্লাহ আল মামুন), অতিরিক্ত প্রধান স্থপতি, স্থাপত্য জোন-২ ও সভাপতি, বিভাগীয় নিয়োগ/পদোন্নতি/উচ্চতর গ্রেড প্রদান কমিটি স্থাপত্য অধিদপ্তর, ঢাকা। গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় স্থাপত্য অধিদপ্তর, স্থাপত্য ভবন, সেগুনবাগিচা, ঢাকা-১০০০। www.architecture.gov.bd

সূত্র : বাংলাদেশ প্রতিদিন ১১/১১/২০২৪ইং পৃষ্ঠা-০৬

যুব উন্নয়ন অধিদপ্তর

প্রথম পৃষ্ঠার পর

আবেদন ফরম পূরণ ও পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি অবশ্যই পূরণ করতে হবে : ০২/১২/২০২৪ খ্রিস্টাব্দ তারিখে প্রার্থীর বয়স সর্বনিম্ন ১৮ বৎসর এবং সর্বোচ্চ ৩০ বৎসর হতে হবে। বীর মুক্তিযোদ্ধা/ শহিদ মুক্তিযোদ্ধাগণের সন্তান এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সরকারি বিধি অনুযায়ী বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। কর্মরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনাপত্তিপত্র দাখিল করতে হবে। চাকরির জন্য আবেদন আগামী ০৩/১১/২০২৪ খ্রিস্টাব্দ তারিখ সকাল ১০.০০ টা হতে ০২/১২/২০২৪ খ্রিস্টাব্দ তারিখ বিকাল ০৫:০০ টা পর্যন্ত অনলাইনে দাখিল করা যাবে। লিখিত ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় সকল সনদ/ অনাপত্তিপত্র/ কাগজপত্রাদির মূল কপিসমূহ প্রদর্শনপূর্বক প্রতিটির ০১টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। **দাখিল/উপস্থাপনযোগ্য সকল সনদ/ অনাপত্তিপত্র/ কাগজপত্রাদির তালিকা নিম্নরূপ :** (i) শিক্ষাগত যোগ্যতার সকল মূল/সাময়িক সনদপত্র; (ii) অভিজ্ঞতা সনদ (প্রযোজ্য ক্ষেত্রে); (iii) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় যথাযথ কর্তৃপক্ষের অনাপত্তিপত্র; (iv) স্থায়ী বাসিন্দা হিসেবে পৌরসভার মেয়র/ কাউন্সিলর/ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র ; (v) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ; (vi) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক (নামযুক্ত সিলসহ) প্রদত্ত চারিত্রিক সনদপত্র; (vii) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী (বীর মুক্তিযোদ্ধা/ শহিদ মুক্তিযোদ্ধাগণের সন্তান) প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদপত্র; (viii) শারীরিক প্রতিবন্ধী ও এতিমদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক কর্তৃক প্রদত্ত সনদপত্র; (ix) ক্ষুদ্র নৃ-গোষ্ঠীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদপত্র; এবং (x) নির্দিষ্ট কোটা দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত সনদ/প্রমাণপত্র। সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা হতে হবে এবং কর্মকর্তার সুস্পষ্ট নাম ও পদবীসহ সিল থাকতে হবে। নিয়োগের ক্ষেত্রে সরকারি সকল বিধি-বিধান ও কোটা সম্পর্কিত সর্বশেষ সরকারি নীতিমালা অনুসরণ করা হবে। আবেদনপত্র গ্রহণ ও বাতিল করার ক্ষেত্রে কোনো কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। বিজ্ঞপ্তিটি যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েবসাইট www.dyd.gov.bd এ পাওয়া যাবে। লিখিত ও মৌখিক পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.dyd.gov.bd Ges http://dyd.teletalk.com.bd ওয়েবসাইট হতে জানা যাবে। **অনলাইন আবেদনফরম পূরণ ও দাখিল করার নিয়মাবলি:** আগ্রহী প্রার্থীগণ http://dyd.teletalk.com.bd এ ওয়েবসাইটে গিয়ে আবেদনপত্র পূরণ করতে হবে। **আবেদনের সময়সীমা নিম্নরূপ:** Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ০৩/১১/২০২৪খ্রিস্টাব্দ সকাল ১০:০০ টা। Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ০২/১২/২০২৪ খ্রিস্টাব্দ বিকাল ০৫:০০ টা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ ঘন্টার মধ্যে SMS এ পরীক্ষার ফি জমা দিবেন। Online আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি ও স্বাক্ষর স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষরের সাইজ ৬০ KB এর মধ্যে হতে হবে। **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:** Applicant's Copy তে একটি User ID দেয়া থাকবে এবং User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-Paid Mobile নম্বরের মাধ্যমে ০২টি SMS করে ১নং থেকে ৮নং ক্রমিকের জন্য আবেদন ফি বাবদ সার্ভিস চার্জসহ মোট ২২৩/- টাকা এবং ৯নং ক্রমিকের জন্য আবেদন ফি বাবদ সার্ভিস চার্জসহ মোট ১১২/- টাকা Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন। প্রথম SMS: DYD <Space> User ID লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে। দ্বিতীয় SMS: DYD <Space> Yes<Space>PIN লিখে send করতে হবে ১৬২২২ নম্বরে। প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://dyd.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক প্রিন্ট করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন। স্বাক্ষরিত/- এম এ আখের, যুগ্মসচিব, পরিচালক (প্রশাসন), যুব উন্নয়ন অধিদপ্তর, যুব ভবন, ১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

সূত্র : ওয়েবসাইট- www.dyd.gov.bd.

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

প্রথম পৃষ্ঠার পর

আবেদনপত্র জমাদান : রেজিস্ট্রারের অনুকূলে সিলেট শহরের যে কোন তফসিলী ব্যাংকের শাখার উপর উক্ত ১ ও ২নং পদের জন্য ৬০০/= (ছয় শতের জন্য ৫০০/= ৪নং শতের জন্য ২০০/= টাকার এবং ৫ ও ৬ নং পদের জন্য ১০০/= টাকার এমআইবিসার ব্যাংক ড্রাফট অথবা সমমূল্যের পে-অর্ডার (পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়), পাসপোর্ট সাইজের ৪ কপি সত্যায়িত ছবি, সকল সনদপত্র/জেরাসহ সত্যায়িত কপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। **৮ সেট দরখাস আগামী ২৭ নভেম্বর, ২০২৪ তারিখের মধ্যে রেজিস্ট্রার অফিসে পৌঁছাতে হবে।** আবেদন ফরম এবং নিয়োগের যোগ্যতা ও অভিজ্ঞতার কপি অফিস চলাকালীন রেজিস্ট্রার দপ্তর থেকে সরাসরি অথবা ১০ টাকা মূল্যের অব্যবহৃত ডাকটিকেটসহ নিজ ঠিকানা সংবলিত খাম পাঠিয়ে সংগ্রহ করা যাবে। বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (ff.tu.ac.bd) থেকেও আবেদন ফরম এবং নিয়োগের যোগ্যতা ও অভিজ্ঞতার কপি ডাউনলোড করা যাবে। সর্মরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। অসম্পূর্ণ আবেদন বিবেচনা করা হবে না। খামের উপর অবশ্যই স্পষ্ট অক্ষরে সংশ্লিষ্ট পদের নাম উল্লেখ করতে হবে। ভাক যোগাযোগজনিত বিলম্বের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দায়ী থাকবে না। আবেদনপত্র জমাদানের শেষ তারিখের পর কোন আবেদন গ্রহণ/বিবেচনা করা হবে না। উপরোক্ত পদে পূর্বে যারা আবেদন করেছেন তাদের পুনরায় আবেদনের প্রয়োজন নেই। অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট বিধান প্রযোজ্য হবে। স্বাক্ষরিত/- সৈয়দ ছমিল মোহাম্মদ আম্বুল কাদির রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত), শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট।

সূত্র : যুগান্তর ০৯/১১/২০২৪ইং পৃষ্ঠা-০১

ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোং

প্রথম পৃষ্ঠার পর

Expenses at actual for medical treatment purposes as mentioned in the policy of the company will be reimbursed up to a maximum limit of equal to 02 months' basic salary per annum, and transport allowances will be provided as per company policy. Income tax shall have to be paid by the employee. **Conditions:** Interested candidates have to apply through the 'Online Application System' wherein a scanned photograph, signature, SSC and Graduation/ Diploma certificate or Transcripts (upload the document that shows subject & result) of the candidate have to be inserted in due place. The online application form's web link is available on the website of Dhaka Power Distribution Company Ltd. (www.dpdc.gov.bd). Maximum age is 30 years on 01.07.2024. The maximum age limit may be relaxed up to 35 years for DPDC's employees. Government directives in this regard for application will be followed. Those who have recently appeared in the examination and yet to get their degree need not apply for the position. The applicant must pay Tk.1500/- following necessary directives mentioned in DPDC's website www.dpdc.gov.bd. Persons employed in govt., semi govt., autonomous organization or power sector utilities should submit application through proper channel as per instructions provided on DPDC's website www.dpdc.gov.bd. Persuasion of any kind will disqualify the candidate. The authority reserves the right to accept or reject any application and increase or decrease the number of positions/ posts as it may seem proper and no explanation for such action will be provided to the applicant. Only the shortlisted candidates will be called for Test/ Interview. **Last date of submission of application through online is 30.11.2024.** Form no.: HR/ROA/03/427. Deputy General Manager, Employee Management (Administration), HR, DPDC Biddut Bhaban (3rd floor), 1, Abdul Gani Road, Dhaka-1000.

সূত্র : বাংলাদেশ প্রতিদিন ০৮/১১/২০২৪ইং পৃষ্ঠা-০৭

অতিরিক্ত জেলা ও দায়রা জজ ঠাকুরগাঁও

শেষ পৃষ্ঠার পর

শর্তাবলী : নিয়োগের ক্ষেত্রে আইন অনুযায়ী প্রযোজ্য সকল বিধি-বিধান অনুসরণ করা হবে। সরাসরি, নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি এবং অতিরিক্ত জেলা ও দায়রা জজ, ঠাকুরগাঁও এই ঠিকানায় ৩নং ক্রমিকে উল্লিখিত ফরমে আবেদনপত্র আগামী ২০/১১/২০২৪ খ্রি: তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে ডাকযোগে অথবা সরাসরি নিম্নস্বাক্ষরকারীর অফিসে রক্ষিত নির্ধারিত বাক্সে পৌঁছাতে হবে। চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস করতে হবে। প্রার্থীকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্ধারিত ফরমের আকারে বর্ণিত তথ্যাদি পূরণ পূর্বক স্বাক্ষর করে আবেদন করতে হবে। ফরমটি www.forms.gov.bd.job ওয়েব সাইট হতে ডাউনলোড করতে হবে। **দরখাস্তের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে :** ক) সংশ্লিষ্ট সৌজন্যতার মেয়র/সিটি কর্পোরেশনের মেয়র/ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের মূল কপি খ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক (ক) শিক্ষগত যোগ্যতা এবং প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতার ও কম্পিউটার / সার্টিফিকি বিষয়ে প্রশিক্ষণের সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি (ক্ব) সদ্য তোলা রঙিন ০৩ কপি পাসপোর্ট সাইজের (৪.৫০ সে.মি.) সত্যায়িত ছবি (ঘ) জাতীয় পরিচয়পত্র ও জন্ম নিবন্ধন সনদপত্রের সত্যায়িত ফটোকপি (ঙ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী প্রার্থীদের ক্ষেত্রে মুক্তিযোদ্ধার মূল সনদের সত্যায়িত ফটোকপি এবং স্বামী মৃ-পত্নী, শারিরীক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের কোটায় আবেদনকারী প্রার্থীদের ঘ-ম কোটার স্বপক্ষে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ বা প্রমাণপত্রের সত্যায়িত ফটোকপি ও (ট) চারিত্রিক সনদপত্র। সাধারণ প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ০১/১১/২০২৪ খ্রি: তারিখে ১৮ হতে ৩২ বছর এবং মুক্তিযোদ্ধা ও প্রতিবন্ধী কোটার প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮ হতে ৩২ বছরের মধ্যে হতে হবে। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য হবে না। পরীক্ষার ফি বাবদ ১ ও ২ নং পদের জন্য ১৫০/- টাকা এবং ৩-৫ নং পদের জন্য ১০০/- টাকা সোনালী ব্যাংক লিমিটেড-এর ট্রেজারি চালানের মাধ্যমে ১-২১০৪-০২১০-৫১৩৫-১৪২২২৬ নম্বর কোডে জমা প্রদান করে চালানের মূল কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। যোগ্যতাপ্রাপ্ত প্রার্থীদের নাম ও বর্তমান ঠিকানা উল্লেখ পূর্বক ২০ টাকা মূল্যমানের অব্যবহৃত ডাক টিকেট যুক্ত ০২টি ৯.৫x৪.৫ ইঞ্চি সাইজের ফেরত খাম দরখাস্তের সাথে সংযুক্ত করতে হবে। খামের উপরে পদের নাম সহ কোটা (যদি থাকে) উল্লেখ করতে হবে। লিখিত পরীক্ষার তারিখ পরবর্তীতে প্রার্থীকে প্রাথমিক বাছাইয়ে যোগ্য বিবেচিত প্রার্থীগণকে বর্তমান ঠিকানায় (আবেদন পত্রের সাথে সংযুক্ত ঠিকানায় লিখিত খামে) ডাকযোগে প্রেরণপত্রের মাধ্যমে জানানো হবে। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র এবং অভিজ্ঞতার মূল সনদপত্র প্রদর্শন করতে হবে। প্রচলিত নিয়োগবিধি/কোটা সংক্রান্ত সরকার এবং বাংলাদেশ সুপ্রীম কোর্টের বিধি/আদেশ যথাযথভাবে অনুসরণ করা হবে। বিস্তারিত তথ্যের জন্য ভিজিট করুন- www.thakurgaon. judiciary.gov.bd সভাপতি, নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি এবং অতিরিক্ত জেলা ও দায়রা জজ, ঠাকুরগাঁও।

সূত্র : বাংলাদেশ প্রতিদিন ০১/১১/২০২৪ইং পৃষ্ঠা-০৯

বাংলাদেশ সশস্ত্র বাহিনী বোর্ড

শেষ পৃষ্ঠার পর

সশস্ত্র বাহিনী হতে বরখাস্ত/ব্যাখ্যামূলক অবসরপ্রাপ্ত কর্মকর্তাগণ আবেদনের জন্য যোগ্য বিবেচিত হবেন না। **নিম্নবর্ণিত নমিপত্রসমূহ আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে:** ক) প্রার্থীর চাকরি হতে অবসর গমনের আদেশ (রিলিজ অর্ডার) এবং সত্যায়িত ফটোকপি। খ) বাহিনীত্রয়ের অফিসারদের ঘ ম রেকর্ড অফিস হতে অফিসারদের হালনাগাদ তথ্য (চাকুরীতে যোগদানের তারিখ, অবসর গ্রহণের তারিখ, অবসরের ধরণ) সম্বলিত প্রত্যয়নপত্র। গ) প্রার্থীর সকল শিক্ষগত যোগ্যতা ও অভিজ্ঞতি বিশেষ যোগ্যতা সত্যায়িত ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদপত্র)। ঘ) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি। আবেদনপত্রের সাথে পরিচালক, বাংলাদেশ সশস্ত্র বাহিনী বোর্ড, ১৬০ কাকরাইল, ঢাকা-১০০০ বরাবর সোনালী ব্যাংকের অটোমেটেড চালানের (প্রাতিষ্ঠানিক কোড ১১৯০৯১৯ অর্থনৈতিক কোড ১৪২২০২৬ অথবা প্রাতিষ্ঠানিক কোড (মানুষাল) ১-১৯০৫-০১০০-২০৩১) মাধ্যমে পরীক্ষার ফি বাবদ ৬০০/- টাকা (অফেরতযোগ্য) জমাকৃতির চালান এর মূলকপি সংযুক্ত করতে হবে অথবা "পরিচালক, বাংলাদেশ সশস্ত্র বাহিনী বোর্ড" বরাবর ব্যাংক ড্রাফট/পে অর্ডার সংযুক্ত করতে হবে। প্রার্থী যোগ্যতাধারে ঠিকানা সম্বলিত ৯"x ৪" সাইজের ১টি ফেরত খাম ১০/- টাকা মূল্যমানের অব্যবহৃত ডাকটিকেটসহ আবেদনপত্রের সাথে আবশ্যিকভাবে সংযুক্ত করতে হবে। নিয়োগ সংক্রান্ত বিষয়ে সরকারি নিয়মাবলী এবং সরকারের সর্বশেষ জারীকৃত পরিপত্র/নীতিমালা যথাযথভাবে অনুসরণ করা হবে। স্বাক্ষরিত/- পরিচালক, বাংলাদেশ সশস্ত্র বাহিনী বোর্ড (বি&এসবি), ১৬০ কাকরাইল, ঢাকা-১০০০ Website: www.basb.gov.bd

সূত্র : প্রথম আলো ০৪/১১/২০২৪ইং পৃষ্ঠা-০৮

জেলা প্রশাসক রাঙ্গামাটি

শেষ পৃষ্ঠার পর

